# উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নুরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান : উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় : ১৩-১২-২০২২ খ্রি. বেলাঃ ১২.০০ মিনিট

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

**আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, নভেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত নভেম্বর ২০২২ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় | মুখ্য নির্বাহী কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলার কমিটিসমূহের সুপারিশ | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সভাপতি<br>ও<br>সদস্য সচিব<br>সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি |
| ০৩ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডাঃ শাহ এমাদুর রহমান, মেডিকেল অফিসার সভায় জানান হাসপাতালের পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম আরো সঠিকভাবে এবং সূচারুপে সম্পন্ন করার উপর জোর দেওয়া হবে। সেবার মান বৃদ্ধি করার জন্য চলমান কার্যক্রমের উপর জোর দেয়া হবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিকল্পনা অফিসারের প্রতিনিধি জনাব মোঃ আব্দুল মুকিত, সহকারী পরিকল্পনা অফিসার সভায় জানান আগামী ১৭-২২ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ দিন ব্যাপি "পরিবার কল্যান সেবা ও প্রচার সপ্তাহ" উদযাপিত হবে। সপ্তাহের প্রতিপাদ্য " সময় মত নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি" তা বাস্তবায়নে প্রকল্পের সহযোগিতা কামনা। নভেম্বর ২০২২ পর্যন্ত পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার ৭৪.০৫%। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান আসন্ন বোরো মৌসুমে ফেঞ্চুগঞ্জে ৪২৩০হেঃ বোরো চাষের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। সরিষা আবাদের লক্ষমাত্রা ২৭০হেঃ। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

চলমানপাত-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তয়বায়ন কর্মকর্তা সভায় জানান টিআর, কাবিখা, কাবিটার স্কীমসমূহ অনুমোদন পাওয়া গেছে। স্কীম সমূহের কাজ অতিদ্রুত বাস্তবায়ন করা হবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | টিআর, কাবিখা, কাবিটার স্কীমসমূহের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান গত ৪-৫দিন আগে একজন মানসিক ভারসাম্যহীন মহিলা অত্র উপজেলা কার্যালয়ের পাশে একটি সন্তান প্রসব করেন। বর্তমানে মা ও শিশু উপজেলা হাসপাতালে ভর্তি আলে শিশু কল্যান বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে শিশুটির কল্যানার্থে সিদ্ধান্ত নেয়া হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান বিগত ০৮/১২/২০২২খ্রি. তারিখ হতে প্রতিটি সরকারি স্কুলে তৃতীয় প্রান্তিক চূড়ান্ত মূল্যায়ন ২০২২ চলমান রয়েছে। ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২২ সম্পন্ন হবে। এছাড়া প্রতিমাসে নিয়মিত অনলাইনে এবং অফলাইনে পরিদর্শন চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়কের প্রতিনিধি সভায় জানান বর্তমানে VWB কার্যক্রম ২০২৩-২০২৪ এর কার্ড প্রত্যেক ইউনিয়নের মাধ্যমে প্রাথমিক ও উপজেলা কমিটির মাধ্যমে চূড়ান্ত তালিকা তৈরির কার্যক্রম চলমান। IGA প্রকল্পের ১৭ ও ১৮ তম ব্যাচের প্রশিক্ষন চলমান রয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় নিম্নে চলমান কাজের বিবরণ তুলে ধরেন: ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের (৩য় পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি নলকূপ এর মধ্যে ৯৫টি নলকূপ স্থাপন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ২। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (২য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ৭৯টি নলকূপ এর মধ্যে ৪৮টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ৩। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (৩য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ১৭০টি নলকূপ এর মধ্যে ৫০টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান।৪। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" এর আওতায় বরাদ্দকৃত ১৫টি ইম্প্রুভড ল্যাট্রিন এর মধ্যে ৮টির নির্মাণ কাজ চলমান। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৫ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে অতিদ্রুত প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে প্রকল্পসমূহ চূড়ান্ত করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি জনাব সীমা সরকার, একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৭ | বিআর ডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৯ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ২০ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ শাখা ব্যবস্থাপক সভায় জানান ঋণ আদায়, ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২৩ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | তথ্য আপা | তথ্য আপা প্রকল্প, ফেঞ্চুগঞ্জ সিলেট সভায় জানান গত ০৬/১২/২০২২ তারিখে ই-কমার্স ও তামাক জাতীয় দ্রব্যের সেবন কমানোর লক্ষ্যে উক্ত বিষয়ে উঠান বৈঠক করা হয়েছে। আগামী ২০ তারিখে আরোও একটি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয় | তথ্য আপা ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২৫ | বিবিধ-০১ | **ক) <u>সম্মানী ভাতা সংক্রান্তঃ</u>** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ এর ডিসেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান ডিসেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-<br>খ) **<u>মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ</u>** উপজেলা পরিষদের একজন মালী ৫৫০/-টাকা হারে ডিসেম্বর ২০২২ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- এবং একজন সুইপারের ৫৫০/-টাকা হারে ডিসেম্বর ২০২২ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০২ | **বিল ভাউচার প্রেরণ সংক্রান্তঃ** জনাব রাজীব কুমার দাস,ইউডিএফ, সভায় জানান ২০২০-২১(৫ম পর্যায়) অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের বিল ভাউচার আগামী ৩১জানুয়ারি ২০২৩ এর মধ্যে প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | সভায় আলোচনান্তে ২০২০-২১(৫ম পর্যায়) অর্থ বছরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ বাস্তবায়নকারী সদস্য সচিব ও প্রকল্প সভাপতি ৭ কার্যদিবসের মধ্যে বিল ভাউচারসহ নথি উপজেলা পরিষদে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট প্রশিক্ষণ বাস্তবায়নকারী সদস্য সচিব ও প্রকল্প সভাপতি |
| | বিবিধ-০৩ | **<u>বহিঃ বাংলাদেশ ছুটি সংক্রান্ত</u>** ঃ অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, জনাব মোঃ নুরুল ইসলাম, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ সভায় জানান যে, পবিত্র ওমরাহ পালনের জন্য সৌদি আরব ও যুক্তরাজ্য আগামী এপ্রিল ২০২৩ সালে গমনে যাচ্ছি বলে সভায় অবহিত করেন। ছুটি মঞ্জুরের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে আবেদন প্রক্রিয়াধীন রয়েছে। ছুটিকালীন সময়ে পরিষদের দায়িত্ব পালন করার বিষয়ে সভায় আলোচনা করেন। আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর অনুপস্থিতে উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী প্যানেল চেয়ারম্যান-০১, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট দায়িত্ব পালন করার বিধান রয়েছে। | সভায় আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট পবিত্র ওমরাহ পালনের জন্য সৌদি আরব ও যুক্তরাজ্য গমনের ছুটি মঞ্জুর হওয়ার পর উপজেলা পরিষদের দায়িত্ব পালন করবেন জনাব মোঃ জাহিরুল ইসলাম, প্যানেল চেয়ারম্যান -০১, উপজেলা পরিষদ ফেঞ্চুগঞ্জ, সিলেট। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার |
| | বিবিধ-০৪ | **<u>মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নামকরণ সংক্রান্তঃ</u>**<br>অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভাকে জানান ১। সিলেট মৌলভীবাজার সড়কে ফেঞ্চুগঞ্জ নয়াবাজার সড়ক ও জনপদ পয়েন্ট থেকে মাইজগাঁও ইউনিয়ন পরিষদ পর্যন্ত বীর মুক্তিযোদ্ধা ডা. রথীন্দ্র কুমার দাস নামে রাস্তাটি নামকরণ করার জন্য আবেদন করেন। ২। কটালপুর বাজার হইতে দিনপুর পর্যন্ত বীর মুক্তিযোদ্ধা মাহতাব উদ্দিন নামে রাস্তাটি নামকরণ করার আবেদন করেন। ৩। ফেঞ্চুগঞ্জ মাইজগাঁও পালবাড়ি সড়ক ও জনপদের রাস্তার ফেঞ্চুগঞ্জ পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের পাশ হইতে মোগলপুর পয়েন্ট পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা সৈয়দ গোলাম আম্বিয়া নামে রাস্তাটি নামকরণ করার জন্য আবেদন করেন।<br>৪। চাঁনপুর হইতে দনারাম নয়াবাজার রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা আতাউর রহমান কুনু নামে রাস্তাটি নামকরণ করার জন্য আবেদন করেন | স্থানীয় সরকার বিভাগের, উন্নয়ন-২শাখার ১৯ জুলাই ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৬৮.৯৯ .০০৩.২১-৫০০ নাম্বর স্মারক এবং জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট স্থানীয় সরকার শাখার ১৬ জুলাই ২০১৯ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৯. ৪২.০০১.১৬.১২৩নং স্মারক মোতাবেক ইতিপূর্বে যে সকল মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নামকরণ করা হয়েছে এবং ডিসেম্বর ২০২২ মাসে মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নামকরণের জন্য ৪টি আবেদন পাওয়া গেছে। ৪টি আবেদনসহ বিগত মাসে মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ করা হয়েছে সকল আবেদন এবং রেজুলেশনসহ জেলা প্রশাসক সিলেট এর মাধ্যমে বীর মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নাম করণের প্রস্তাবগুলো স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |

**<u>সভাপতির সমাপনী বক্তব্য</u>** ঃ অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি ২০২২-২৩ অর্থ বছরের অনুমোদিত উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্প অতিদ্রুত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরোও অবগত করেন যে, বর্তমানে সারাবিশ্বে বিদ্যুৎ সংকটের কারনে লোডশেডিং হচ্ছে তাই প্রয়োজন ব্যতিত বিদ্যুৎ অপচয় না করে বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার জন্য অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১২/২২

মোঃ নুরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব মোঃ বদরুদোজ্জা, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব এনায়েত আহমদ রাসেল, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, ২নং মাইজগাও ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব লেইচ চৌধুরী, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া, ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা, ইউপি |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব সীমা শারমিন, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডা. শাহ এমাদুর রহমান, মেডিকেল অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতার প্রতিনিধি জনাব আব্দুল মুকিত সহকারী পরিবার পরিকল্পনা কর্মকতা, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব ফারহানা বিনতে রশিদ, উপজেলা মৎস্য অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব সুদর্শন সরকার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | জনাব জনি রঞ্জন দে, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | জনাব মোঃ শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৯ | জনাব সৈয়দ নূরুল হুদা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ১০ | জনাব কাজী রিয়েল, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ |
| ১১ | জনাব বাঁধন কান্তি সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি |
| ১৩ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৪ | জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৫ | জনাব রুবিনা আক্তার, তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৬ | জনাব রাজিব দাস, ইউডিএফ, ফেঞ্চুগঞ্জ |

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি |
| ০৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

অনুপস্থিত জনপ্রতিনিধিদের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি, ফেঞ্চুগঞ্জ |

চলমানপাতা ০৫

স্মারক নং ঃ উপকা/ফেঞ্চু/২০২২-২৩৭ তারিখ ঃ ২০-১২-২০২২খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশা.সকের কার্যালয়, সিলে
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা.......................................... অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব .............................................., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

20/12/22

সীমা শারমিন
উপজেলা নিবাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩৩১০৩৪